

## প্রশিক্ষণ সংক্রান্ত নিয়মাবলীঃ

### ১। গ্রাম ভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ

এই প্রশিক্ষণের মাধ্যমে গ্রাম প্রতিরক্ষা দলের সদস্য-সদস্যগণ ভিডিপি সংগঠন সম্পর্কে ধারণা লাভ করেন এবং ভিডিপি প্লাটনের সদস্য হিসেবে দায়িত্ব পালন সক্ষম হন। প্রশিক্ষণের নিয়মাবলী নিম্নরূপঃ

- সংশ্লিষ্ট গ্রামের ৩২ জন পুরুষ ও ৩২ জন মহিলা সমন্বয়ে গঠিত ০২ টি প্লাটনের বিনামূল্যে প্রশিক্ষণ দেয়া হয়।
- গ্রামের সুবিধাজনক স্থানে ১০ দিনের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়।
- একটি গ্রামে একবার এই প্রশিক্ষণ দেয়া হয়।
- প্রশিক্ষণার্থীকে সর্বনিম্ন ৮ম শ্রেণী পাশ হতে হয়।
- প্রশিক্ষণার্থীর বয়স ১৮ হতে ৩০ বছর।
- প্রশিক্ষণ ভাতা হিসেবে দৈনিক ১৫০ টাকা হারে প্রদান করা হয়।
- প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ শেষে সনদপত্র প্রদান করা হয়।
- একগ্রামের প্রার্থীকে অন্য গ্রামে প্রশিক্ষণ প্রদান করা হয়না।
- জেলা কমান্ড্যান্ট আর্থিক বছর শুরুর আগেই উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার সুপারিশ মোতাবেক গ্রাম নির্বাচন করেন।
- এই প্রশিক্ষণের মাধ্যমে ভিডিপি পুরুষ ও মহিলা প্লাটন সমূহ পূর্ণগঠিত হয়।

### ২। সাধারণ আনসার মৌলিক প্রশিক্ষণ (পুরুষ ও মহিলা)

এই প্রশিক্ষণের গ্রহণ কালে সদস্য-সদস্যগণ সাধারণ আনসার হিসেবে দায়িত্বপালনে সক্ষম হন এবং অংগীভূত হওয়ার যোগ্যতা অর্জন করেন। এই প্রশিক্ষণের নিয়মাবলী নিম্নরূপঃ আনসার আইন ১৯৯৫ এবং আনসার বাহিনী প্রবিধানমালা ১৯৯৬ এর আলোকে সংশ্লিষ্ট ব্যক্তিকে নিম্নরূপ যোগ্যতা সম্পন্ন হতে হয়ঃ

- প্রশিক্ষণের মেয়াদ ১০ সপ্তাহ
- আনসার-ভিডিপি একাডেমী, সফিপুর গাজীপুরে ১০ সপ্তাহ প্রশিক্ষণ পরিচালিত হয়।
- প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে যোগ্যতা সম্পন্ন হতে হবে।
- প্রার্থীকে ভিডিপি মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত সদস্য হতে হবে।
- বয়স ১৮ হতে ৩০ বছর
- শিক্ষাগত যোগ্যতাঃ ৮ম শ্রেণী পাশ এসএসসি বা তদূর্ধ্ব ডিগ্রিধারীগণ আগ্রধিকার পাবে।
- উচ্চতা ৫'-৪" (পুরুষ) ৫'-২" (মহিলা) অধিক উচ্চতাধারীদের আগ্রধিকার পাবে। দৃষ্টিশক্তি ৬/৬
- সাধারণ আনসার মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণের সময় শিক্ষাগত যোগ্যতার সনদ, চারিত্রিক ও নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।
- প্রশিক্ষণকালীন প্রশিক্ষণার্থীদের বিনামূল্যে থাকা, খাওয়া ও পোষাক পরিচ্ছদ প্রদান করা হয়।
- এই প্রশিক্ষণ সাফল্যজনকভাবে সমাপ্তিরপর দেশের বিভিন্ন সরকারী বেসরকারী কেপিআই/গুরুত্বপূর্ণ সংস্থায় অংগীভূত হয়ে নিরাপত্তা বিধানে দায়িত্ব পালন করে।
- প্রশিক্ষণ গ্রহণকারী সদস্য-সদস্যগণ দুর্গাপূজা, জাতীয় ও স্থানীয় সরকার নির্বাচন ইত্যাদি দায়িত্ব পালনের জন্য সল্লকালীন সময়ের জন্য অংগীভূত হয়ে থাকে।

### ৩। অন্যান্য পেশা ভিত্তিক প্রশিক্ষণের সুযোগঃ

- বেসিক কম্পিউটার প্রশিক্ষণ
- ইলেকট্রিক্যাল হাউজ ওয়্যারিং প্রশিক্ষণ (পুরুষ-মহিলা)

- মোবাইল ফোন সার্ভিসিং (পুরুষ-মহিলা)
- ওয়েলডিং ৪ জি প্রশিক্ষণ (পুরুষ-মহিলা)
- টাইলস সেটিং প্রশিক্ষণ (পুরুষ-মহিলা)
- ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণ (পুরুষ-মহিলা)
- ফ্রিজ এয়াকন্ডিশন প্রশিক্ষণ (পুরুষ-মহিলা)
- সেলাই ও ফ্যাশন ডিজাইন প্রশিক্ষণ (মহিলা)
- সোয়েটার নিটিং প্রশিক্ষণ (পুরুষ-মহিলা)
- মোটর ড্রাইভিং প্রশিক্ষণ (পুরুষ-মহিলা)
- প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা প্রশিক্ষণ (পুরুষ-মহিলা)
- নকশি কাঁথা প্রশিক্ষণ (মহিলা)
- সেলাই প্রশিক্ষণ (মহিলা)

### সাধারণ আনসার অংগীভূতকরণের নিয়মাবলীঃ

- ১০ সপ্তাহ মৌলিক সমাপ্তিরপর স্মার্টক্যাড ধারী সদস্যগণ আনসার-ভিডিপি কেন্দ্রীয় ডাটাবেজ প্যানেলভুক্ত হয়।
- বর্তমানে তিন বছরের জন্য সংস্থায় আনসার মোতায়েন করা হয়।
- অংগীভূতি সমাপ্তির কালে ৬ মাস পর কোন আনসার পুনরায় অংগীভূত হতে পারে।
- আনসার সদস্য তার নিজ জেলায় অংগীভূত হতে পারবেন।
- জেলা কমান্ড্যান্ট কেন্দ্রীয় ডাটাবেজ প্যানেলের ক্রঃ নং- অনুযায়ী অফার প্রাদান করবেন। প্রার্থী অফার পাওয়ার পর ৪৮ ঘন্টার মধ্যে Yes লিখার পর জেলা কমান্ড্যান্ট অংগীভূতির আদেশ জারী করে থাকেন।
- আনসার সদস্যগণের অংগীভূতির জন্য ফায়ারিং অভিজ্ঞতাসহ মেলিক প্রশিক্ষণ প্রাপ্ত হতে হয়।
- অংগীভূত হওয়ার জন্য প্যানেলছত্রের নিমিত্তে নিম্নলিখিত যোগ্যতা প্রয়োজন।
  - ক) ১৮ হতে ৩০ বছর খ) শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণী অধিক ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয় হয়।
  - গ) উচ্চতা ৫'-৬" (পুরুষ) ৫'-২" (মহিলা) ঘ) বৈবাহিক অবস্থা বিবাহিত/অবিবাহিত উভয়ই ঙ) চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
  - চ) পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং ০৩ কপি পাঁচপোট সাইজের ছবি

### সুযোগ সুবিধাঃ

- ক) পিসি/এপিসি ১৩৮০০.০০ টাকা আনসার সদস্যদের ১৩০৫০.০০ টাকা হারে প্রতি মাসে ভাতা প্রাপ্য হবেন।
- খ. প্রত্যেক অংগীভূত আনসার সরকারী নির্ধারিত হারে ২৮ কেজি চাল, ২৮ কেজি গম এবং ২লিটার ভোজ্য তেল ভর্তুকিমূল্যে প্রাপ্য হবেন।
- গ. মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত সদস্য সদস্যগণ ৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারী চাকুরীতে ১০% কোটায় আবেদন করার সুযোগ পাবেন।
- ঘ. প্রশিক্ষণ কালীন দৈনিক ১৫০ টাকা হারে ভাতা পাবেন।

### নিরাপত্তা প্রত্যাশি সংস্থার জন্য :

- **আবেদনঃ** কোন প্রত্যাশী সংস্থা জেলা কমান্ড্যান্ট এর দপ্তরে রক্ষিত নির্দিষ্ট আবেদন ছক পূরণকরে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে জেলা কমান্ড্যান্ট দপ্তরে আনসার অংগীভূতির অনুরোধপত্র দাখিল করবেন।
- **আনসার অংগীভূত করণের সিদ্ধান্তঃ** যাবতীয় শর্তবলী পূরণ সাপেক্ষে এবং পুলিশ কর্তৃপক্ষের সন্তোষজনক মতামত পাওয়াগেলে জেলা কমান্ড্যান্ট আনসার অংগীভূতি করার সিদ্ধান্ত গ্রহণ করেন।
- **সংস্থা হতে বেতন-ভাতাদি গ্রহণ ও পরিশোধঃ** কোন সংস্থায় আনসার অংগীভূতিকরণের সিদ্ধান্ত গৃহীত হবারপর উক্ত সংস্থাকে নির্ধারিতহারে আনসারদের তিন মাসের বেতন-ভাতার সমপরিমান অর্থ অগ্রীম হিসেবে নগদ/প্রের্ডার/বাংক ড্রাফট এর মাধ্যমে জেলা কমান্ড্যান্ট এর দপ্তরে জমা করতে হয়। বছরে ২টি উৎসব ভাতা প্রদান করতে হয়।

